"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
অনুসন্ধান বিভাগ
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৩৩৬

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৯
২২ নভেম্বর ২০২২

বিষয়: **পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় সংস্থার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে ১ম স্টেকহোল্ডার সভা আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ (29198/potrojariAttachmentRef/48450/0/3380) অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২টি সভা আয়োজন করতে হবে। এতদলক্ষ্যে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটি সংস্থার অবসরপ্রাপ্ত পেনশনভোগী কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে তাদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সুবিধা-অসুবিধা নিয়ে ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম স্টেকহোল্ডার সভা আয়োজন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক আলোচ্য সভাটি আগামী ২৮-১১-২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় পেট্রোবাংলার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

F. Shaon

২২-১১-২০২২
ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মহাব্যবস্থাপক (হিসাব), পেট্রোবাংলা (একজন উপযুক্ত কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)
২) মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, পেট্রোবাংলা (একজন উপযুক্ত কর্মকর্তা প্রেরণের অনুরোধসহ)
৩) মহাব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা ( যথাসময়ে কনফারেন্স রুম প্রস্তুত রাখা ও আপ্যায়নের অনুরোধসহ)
৪) উপ-মহাব্যবস্থাপক, বাস্তবায়ন-পরীবিক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৫) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও

খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৭) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৮) জনাব মো: শরীফুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক , (জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লি.), অবসরপ্রাপ্ত
৯) প্রকৌ. এস এম হাবিবুর রহমান, মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), ইঞ্জিনিয়ারিং ডিভিশন, পেট্রোবাংলা।
১০) জনাব মো: তারিক হাসান, উপ-মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), হিসাব, পেট্রোবাংলা
১১) জনাব মো: ইব্রাহিম খলিল, ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, পেট্রোবাংলা।
১২) জনাব জগদীশ চন্দ্র ভৌমিক,, উপ ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, পেট্রোবাংলা।
১৩) জনাব মো: মোশারফ হোসেন, সহকারী ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), সেবা বিভাগ, পেট্রোবাংলা।
১৪) জনাব আবুল কাশেম, সহকারী ব্যবস্থাপক, অবসরপ্রাপ্ত, সেবা বিভাগ, পেট্রোবাংলা

“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)

পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর আওতায় সেবা প্রদান বিষয়ে সংস্থার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে ১ম স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক (অনুসন্ধান) |
| সভার তারিখ | ২৮-১১-২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ, পেট্রোবাংলা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

১। সভাপতি ও সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির আহবায়ক সভার শুরুতে উপস্থিত সংস্থার সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের, প্রশাসন ও হিসাব বিভাগের প্রতিনিধিদের এবং কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭” এবং “পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)” এ বর্ণিত বিষয়সমূহ এবং এর প্রেক্ষাপট উপস্থিত স্টেকহোল্ডারগণ-কে অবহিত করেন। এছাড়া, তিনি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে জারীকৃত “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এবং পেট্রোবাংলা হতে জারীকৃত “বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (বিওজিএমসি) কর্মচারী অবসর ভাতা ও সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা-১৯৮৮” এ উল্লিখিত সেবা প্রদান বিষয়ে মূল্যবান বক্তব্য প্রদান করেন।

২। অতঃপর সভাপতি সংস্থার অবসরপ্রাপ্ত পেনশনভোগী উপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের (স্টেকহোল্ডার) তাদের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সুবিধা-অসুবিধার বিষয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে উপস্থিত স্টেকহোল্ডারগণ তাদের বক্তব্য একে একে প্রদান করেন, যা নিম্নরূপ:

(ক) প্রকৌ. এস এম হাবিবুর রহমান, মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), ইঞ্জিনিয়ারিং বিভাগ, পেট্রোবাংলা জানান যে, চাকুরী হতে অবসরে গমনকারী পেট্রোবাংলার প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারী-কে মাসিক পেনশন ভাতা পাওয়ার জন্য নির্ধারিত ফরমে প্রতি মাসে আবেদন করতে হয়। উক্ত ফরমটি পূরণপূর্বক হিসাব বিভাগে জমা প্রদান করতে হয়। যদি কোন কারণে উক্ত আবেদন ফরমটি হিসাব বিভাগে সময় মতো জমা প্রদান করা না হয়, তাহলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উক্ত মাসের পেনশন নির্ধারিত সময়ে না পেয়ে বিলম্বে প্রাপ্ত হন। তিনি আরো জানান যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে জারীকৃত “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এর বিধি ২.০৭ (গ) অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের চূড়ান্ত অবসরগ্রহণের পর পেনশনারের মাসিক পেনশন EFT (Electronic Funds Transfer)-এর মাধ্যমে তার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে নিয়মিত প্রেরণ করা হয়। এতে পেট্রোবাংলার মতো কোন আবেদন ফরম প্রতিমাসে জমা

দিতে হয় না। তাই তিনি "সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০" এর বিধি ২.০৭ (গ) অনুযায়ী সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণ অবসর গ্রহণের পর যে পদ্ধতিতে মাসিক পেনশন ভাতা পেয়ে থাকেন, সেই একই পদ্ধতিতে পেট্রোবাংলার অবসর গ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীগণকে মাসিক পেনশন ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

(খ) জনাব তারিক হাসান, উপ-মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), হিসাব বিভাগ, পেট্রোবাংলা জানান যে, পেট্রোবাংলার প্রচলিত পদ্ধতিতে অবসর গমনকারী কর্মকর্তা ও কর্মচারী-কে স্বশরীরে পেট্রোবাংলায় উপস্থিত হয়ে অথবা ডাকযোগে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে প্রেরণ করতে হয়। এতে তার যাতায়াতের একটা খরচ হয় ও সময়ের অপচয় হয়। বিব্রতকর বিষয়টি হলো উক্ত আবেদন ফরমে সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/পেট্রোবাংলা/পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীর কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/সিটি করপোরেশন/পৌরসভা মেয়র/কমিশনার-এর প্রত্যয়ন নিতে হয়, যা কষ্টসাধ্য। তাই তিনি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে জারীকৃত "সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০" অনুযায়ী সরকারি নিয়মে পেট্রোবাংলার পেনশনারের মাসিক পেনশন EFT-এর মাধ্যমে তার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে নিয়মিত প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে তার মত প্রকাশ করেন।

(গ) এরই ধারাবাহিকতায় জনাব মোঃ ইব্রাহিম খলিল, ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), প্রশাসন বিভাগ, পেট্রোবাংলা জানান যে, সরকারি নিয়মে পেনশনারের মাসিক পেনশন প্রদান করার পদ্ধতি অনেক ভাল। সরকারি নিয়মে পেনশনারদের শুধুমাত্র বছরে একবার স্বশরীরে হিসাবরক্ষণ কর্মকর্তা'র নিকট হাজিরা দিতে হয়। এ প্রসঙ্গে তিনি উল্লেখ করেন যে, পেট্রোবাংলার অফিস ঢাকাতে অবস্থিত হওয়ায় পেনশনভোগী বয়স্ক কর্মকর্তা/কর্মচারীগণ যারা ঢাকার বাইরে বসবাস করেন তাদের পক্ষে স্বশরীরে প্রতি বছর একবার হাজিরা দেওয়ার বিষয়টি অসুবিধাজনক হতে পারে। এক্ষেত্রে পেট্রোবাংলা কর্তৃপক্ষ বিকল্প কোন উপায়ে হাজিরা দেওয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করলে তা সবার জন্যই সুবিধাজনক হবে। এছাড়াও তিনি আরো উল্লেখ করেন যে, প্রতিমাসের পেনশন যাতে মাসের প্রথম সপ্তাহে পেনশনারের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়, সে বিষয়টি বিবেচনা করার জন্য তিনি কর্তৃপক্ষের সদয় দৃষ্টি কামনা করেন।

(ঘ) জনাব মোঃ মোশারফ হোসেন, সহকারী ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), সেবা বিভাগ, পেট্রোবাংলা জানান যে, একজন অবসরভোগী কর্মকর্তা/কর্মচারী যদি ১৫ বছর ধরে মাসিক পেনশন নিয়ে থাকেন, তাহলে ১৫ বছর পর তার পরিচিতজন অফিস সহকর্মীরা প্রায় সবাই অবসরে চলে যায়। ফলেআবেদন ফরমে প্রত্যয়নের জন্য তাকে বিভিন্ন জনের কাছে অনুরোধ করতে হয়। বিষয়টি পেনশনারের জন্য অত্যন্ত কষ্টসাধ্য ও বিব্রতকর। তাই তিনি সরকারি নিয়মে পেট্রোবাংলার অবসরভোগী কর্মকর্তা/কর্মচারীদের মাসিক পেনশন সরাসরি তার ব্যাংক একাউন্টে EFT-এর মাধ্যমে প্রেরণ করা যেতে পারে বলে মত প্রকাশ করেন এবং বছরে একবার হাজিরার বিষয়টি ইলেক্ট্রনিক পদ্ধতিতে ব্যবস্থা করা যায় কিনা সে বিষয়ে সভায় সবার দৃষ্টি আকর্ষণ করেন।

(ঙ) জনাব আবুল কাশেম, সহকারী ব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), সেবা বিভাগ, পেট্রোবাংলা জানান যে,অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে জারীকৃত "সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০" এর বিধি ৪.০৮ (ঘ) অনুযায়ী পেনশনার/পারিবারিক পেনশনার মৃত্যুবরণ করিলে/নিয়মিত পেনশন উত্তোলন না করিলে সংশ্লিষ্ট ব্যাংক বিষয়টি হিসাবরক্ষণ কর্মকর্তা-কে অবহিত করার বিধান রয়েছে। তাই সরকারি নিয়মে পেট্রোবাংলার পেনশনারের মাসিক পেনশন সরাসরি তার ব্যাংক একাউন্টে EFT-এর মাধ্যমে প্রেরণ করা হলে কোন অসুবিধা হবে না মর্মে তিনি মতামত প্রদান করেন।

(চ) বর্ণিত বিষয়ে পেট্রোবাংলার প্রশাসন ও হিসাব বিভাগের প্রতিনিধিগণ এবং অত্র কমিটির সদস্যবৃন্দ অবসরপ্রাপ্ত উপর্যুক্ত কর্মকর্তাগণের বক্তব্য যুক্তিযুক্ত মর্মে মতামত প্রদান করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার সভাপতি

কে অনুরোধ করেন।

(ছ) সভাকে অবহিত করা হয় যে, “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” জারী করার পূর্বে সরকারি পেনশনারদের স্বশরীরে প্রতি মাসে সংশ্লিষ্ট ব্যাংকে গিয়েপেনশন বই প্রদর্শন করতঃ মাসিক পেনশন উত্তোলন করতে হতো। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” জারী করার পর সরকারি পেনশনারদের মাসিক পেনশন EFT-এর মাধ্যমে তার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে নিয়মিত প্রেরণ করা হয়ে থাকে। এক্ষেত্রে পেনশন বই প্রদর্শন করতে হয় না এবং শুধুমাত্র বছরে একবার পেনশনারদের স্বশরীরে হিসাবরক্ষণ কর্মকর্তা’র নিকট হাজিরা দিতে হয়। অর্থাৎ প্রতিমাসের পেনশন স্বয়ংক্রিয়ভাবে পেনশনারের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে জমা হয় এবং পেনশনার সহজে চেকের মাধ্যমে ব্যাংক থেকে তা উত্তোলন করতে পারে। পক্ষান্তরে, পেট্রোবাংলার বিদ্যমান পেনশন ব্যবস্থায় প্রতিমাসের পেনশন উত্তোলনের জন্য প্রতিমাসে আবেদন করতে হয় এবং উক্ত আবেদন পত্রের গাত্রে পেনশনারের জীবিত থাকার বিষয়ে সরকারি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার/পেট্রোবাংলা/পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানীর কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/সিটি করপোরেশন/পৌরসভা মেয়র/কমিশনার এর প্রত্যয়ন নিতে হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে জারীকৃত “সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০” এর বিধি ২.০৭ (গ) অনুযায়ী চূড়ান্ত অবসর গ্রহণের পর পেট্রোবাংলার পেনশনারের মাসিক পেনশন EFT (Electronic Funds Transfer)-এর মাধ্যমে তার সংশ্লিষ্ট ব্যাংক একাউন্টে নিয়মিত প্রেরণ নিশ্চিত করার বিষয়ে পেট্রোবাংলা কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

(খ) পেনশনারের মাসিক পেনশন সরকারি নিয়মে প্রেরণের ক্ষেত্রে বছরে একবার স্বশরীরে হাজিরার বিষয়টি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বা বিকল্প কোনো পদ্ধতিতে সমাধানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

F. Shaa

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০২৬.৫৮.০০১.২২.৩৬৭

তারিখ: ১১ পৌষ ১৪২৯
২৬ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাব্যবস্থাপক (হিসাব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাব্যবস্থাপক (অর্থ), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৫) মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৬) মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৭) উপ-মহাব্যবস্থাপক, বাস্তবায়ন-পরীবিক্ষণ ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৮) ব্যবস্থাপক, ভিজিলেন্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৯) ব্যবস্থাপক (ডেস্ক), অনুসন্ধান বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১০) সহকারী ব্যবস্থাপক, তহবিল ও বীমা শাখা, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

F. Shaon

ফারহানা শাওন
মহাব্যবস্থাপক (অনুসন্ধান)

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৩, কাওরান বাজার, ঢাকা-১২১৬

**বিষয়: পেট্রোবাংলা'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় সংস্থার অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের সঙ্গে ১ম স্টেকহোল্ডার সভা আয়োজন প্রসঙ্গে।**

সভার তারিখ : ২৮/১১/২০২২ খ্রি.

সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কনফারেন্স রুম, পেট্রোবাংলা

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | এস.এম. হাবিবুর রহমান<br>প্রাক্তন মহাব্যবস্থাপক ([illegible]) | 01928972540 | [signature] 28/11/22 |
| ২. | ফারহানা শাওন<br>মহাব্যবস্থাপক ([illegible]), পেট্রোবাংলা | 01713366787 | [signature] 28.11.2022 |
| ৩. | মাসুদ জামান<br>উপ-মহাব্যবস্থাপক<br>(প্ল্যানিং এন্ড মনিটরিং) | 01552466995 | [signature] |
| ৪. | সানাউল্লাহ বারী,<br>ব্যবস্থাপক, [illegible] | 01711139083 | [signature] 28.11.2022 |
| ৫. | এ, টি, এম, শাব্বির আহম্মদ প্রধান<br>ব্যবস্থাপক | 01816915859 | [signature] |
| ৬. | মোঃ ইব্রাহিম খলিল<br>ব্যবস্থাপক (অবঃ) | 01844590400 | [signature] |
| ৭. | আবুল কাশেম<br>সহঃ ব্যবঃ (অবঃ) | 01712708082 | [signature] |
| ৮. | মোঃ মোশাররফ হোসেন<br>(ইঞ্জিঃ) উপব্যবস্থাপক (অবঃ) | 01552310530 | [signature] |

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৯. | মো: আমিনুর রহমান মন্ডল<br>সহকারী প্রকৌশলী (অব:) | ০১৫০২৪৭৩৪৫৮ | (স্বাক্ষর) ২৮/১১/2022 |
| ১০. | মো: ফিরোজ মিয়া<br>সহকারী ব্যবস্থাপক (ফিনান্স) | 01763542598 | (স্বাক্ষর) ২৮/১১/2022 |
| ১১. | মুহাম্মদ লুৎফর রহমান<br>ব্যবস্থাপক (প্রশাসন) | ০১৭১৮-৬০২৪৬৯ | (স্বাক্ষর) ২৮/১১/2022 |
| ১২. | মো: তারিক রহমান<br>প্রাক্তন উপ-মহাব্যবস্থাপক (হিসাব) | ০১৯১১৭২২৬০৬ | (স্বাক্ষর) |
| ১৩. | মো: আল আমিন রেহমান<br>AM (Acts) | 01912240667 | (স্বাক্ষর) ২৮/১১/22 |
| ১৪. | শামীম আক্তার<br>ব্যবস্থাপক | 01613954215 | (স্বাক্ষর) ২৮/১১/2022 |
| ১৫. | | | |
| ১৬. | | | |
| ১৭. | | | |
| ১৮. | | | |
| ১৯. | | | |
| ২০. | | | |